গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, জয়পুরহাট

...

| | |
|---|---|
| সভাপতি | এস.এম. শামীম আহসান<br>সহকারী পরিচালক |
| সভার তারিখ | ২০ অক্টোবর ২০২২ |
| সভার সময় | বেলা ২:০০ টা |
| স্থান | সহকারী পরিচালকের কার্যালয়, জেউশিব্যু, জয়পুরহাট। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**বিষয় : জয়পুরহাট জেলার আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচির অক্টোবর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে আইএসএ-সোশ্যাল ডেভেলপমেন্ট সার্ভিস (এসডিএস) এর নির্বাহী পরিচালক জনাব আয়েশা আক্তার শুভেচ্ছা বক্তব্যে জয়পুরহাট জেলায় পরিচালিত আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচির বর্তমান অবস্থা ও সার্বিক অগ্রগতি তুলে ধরেন। এছাড়া, জয়পুরহাট জেলার প্রোগ্রাম হেড জনাব মো: আতাউর রহমান ও এসো গড়ি সোনার বাংলা সংস্থার উপদেষ্টা জনাব গাওসুল আজম জেলার ৫ টি উপজেলায় চলমান আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচির বিভিন্ন দিক সভাকে অবহিত করেন। অতঃপর সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র.নং. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **শিক্ষক-সুপারভাইজারদের নিয়োগ ও যোগদানপত্র, কেন্দ্র ভাড়ার ডিড ও ব্যাংক একাউন্টের তালিকা জমা প্রদান:** সভায় শিক্ষক-সুপারভাইজারদের বকেয়া বেতন ও ঘর মালিকদের বকেয়া ভাড়া প্রদানের সুবিধার্থে তাঁদের নিজ নামে পরিচালিত ব্যাংক একাউন্টের তালিকা জেউশিব্যুর কার্যালয়ে জমা প্রদানের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, জেলার ৩৫০টি শিখন কেন্দ্রের শিক্ষকদের নিয়োগপত্র, যোগদানপত্র ও শিখন কেন্দ্র ভাড়ার ডিড এর অনুলিপি জেউশিব্যুর কার্যালয়ে জমা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | শিখন কেন্দ্রের শিক্ষকদের নিয়োগপত্র, যোগদানপত্র ও শিখন কেন্দ্র ভাড়ার ডিড এর অনুলিপি এবং শিক্ষক ও ঘর মালিকদের ব্যাংক একাউন্টের তালিকা জেউশিব্যু কার্যালয়ে জমা দিতে হবে। | (১) নির্বাহী পরিচালক, এসডিএস (লীড এনজিও)<br>(২) নির্বাহী পরিচালক, এমকেডিবিএস (পার্টনার এনজিও)<br>(৩) নির্বাহী পরিচালক, এসো গড়ি সোনার বাংলা (পার্টনার এনজিও) |
| ২ | **শতভাগ শিক্ষার্থীকে স্কুল ব্যাগ প্রদান:** সভায় ৩৫০ টি শিখন কেন্দ্রের সকল শিক্ষার্থীকে স্কুল ব্যাগ প্রদানের বিষয়ে আলোচনা হয়। নির্বাহী পরিচালক, এসডিএস সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে অর্ধেকেরও বেশি শিক্ষার্থী স্কুল ব্যাগ পেয়েছে। অবশিষ্ট শিক্ষার্থীদের স্কুল ব্যাগ দেওয়া প্রক্রিয়াধীন রয়েছে। | অক্টোবর/২০২২ মাসের মধ্যে শতভাগ শিক্ষার্থীকে স্কুল ব্যাগ সরবরাহ করতে হবে। | (১) নির্বাহী পরিচালক, এসডিএস (লীড এনজিও)<br>(২) নির্বাহী পরিচালক, এমকেডিবিএস (পার্টনার এনজিও)<br>(৩) নির্বাহী পরিচালক, এসো গড়ি সোনার বাংলা (পার্টনার এনজিও) |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **শিক্ষার্থীদের স্কুল ড্রেস প্রদান:** সভায় ৩৫০ টি শিখন কেন্দ্রের সকল শিক্ষার্থীকে স্কুল ড্রেস প্রদানের বিষয়ে আলোচনা হয়। জেলা ম্যানেজার সভাকে অবহিত করেন যে, এখনো কোন শিক্ষার্থীকে স্কুল ড্রেস প্রদান করা হয়নি। তবে শিক্ষার্থীদের ড্রেস প্রদানের লক্ষ্যে কাপড়ের মাপ নেওয়া হয়েছে এবং এ সংক্রান্ত ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। | বাস্তবায়ন নির্দেশিকা ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর স্পেসিফিকেশন অনুযায়ী অক্টোবর/২০২২ মাসের মধ্যে সকল শিক্ষার্থীকে স্কুল ড্রেস সরবরাহ নিশ্চিত করতে হবে। | (১) নির্বাহী পরিচালক, এসডিএস (লীড এনজিও)<br>(২) নির্বাহী পরিচালক, এমকেডিবিএস (পার্টনার এনজিও)<br>(৩) নির্বাহী পরিচালক, এসো গড়ি সোনার বাংলা (পার্টনার এনজিও) |
| ৪ | **শিক্ষার্থীদের জাতীয় সঙ্গীত ও বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস সম্বন্ধে অবহিত করা:** সভায় শিক্ষার্থীদের জাতীয় সঙ্গীত সঠিকভাবে গাওয়া এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস যেমন: শহীদ দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ইত্যাদির তাৎপর্য শিক্ষার্থীদেরকে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। শিক্ষার্থীদেরকে সঠিকভাবে জাতীয় সঙ্গীত গাওয়ার ব্যাপারে উদ্বুদ্ধ করতে হবে।<br>২। বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসের তাৎপর্য শিক্ষার্থীদেরকে অবহিত করতে হবে। | (১) শিক্ষক/শিক্ষিকা (সকল শিখন কেন্দ্র)<br>(২) প্রোগ্রাম সুপারভাইজার (সকল) |
| ৫ | **২০২৩ সালের জানুয়ারী মাসে শিক্ষার্থীদের নতুন বই প্রাপ্তি নিশ্চিত করা:** সভায় ২০২৩ সালের জানুয়ারী মাসে সকল শিক্ষার্থীকে নতুন বই প্রাপ্তি নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | ২০২৩ সালের জানুয়ারী মাসে সকল শিক্ষার্থীর নতুন বই প্রাপ্তি নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারগণের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) প্রোগ্রাম হেড<br>(২) জেলা প্রোগ্রাম ম্যানেজার<br>(৩) উপজেলা প্রোগ্রাম ম্যানেজার (সকল) |
| ৬ | **শিক্ষার্থীদের রঙ-পেনসিল, চিত্রাঙ্কন খাতাসহ সকল উপকরণ সরবরাহ করাঃ** জেলা ম্যানেজার সভাকে অবহিত করেন যে, কালাই ও ক্ষেতলাল উপজেলায় এখনো রঙ-পেনসিল ও চিত্রাঙ্কন খাতা সরবরাহ করা হয়নি। অন্য তিন উপজেলায় এ উপকরণগুলি সরবরাহ করা হয়েছে। | ১। অক্টোবর/২০২২ মাসের মধ্যে কালাই ও ক্ষেতলাল উপজেলায় রঙ-পেনসিল ও চিত্রাঙ্কন খাতা সরবরাহ করতে হবে।<br>২। সকল শিক্ষা উপকরণ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী সরবরাহ করতে হবে। | (১) নির্বাহী পরিচালক, এসডিএস (লীড এনজিও)<br>(২) নির্বাহী পরিচালক, এমকেডিবিএস (পার্টনার এনজিও)<br>(৩) নির্বাহী পরিচালক, এসো গড়ি সোনার বাংলা |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ্য সংগ্রহ করাঃ** সভাপতি সভায় উল্লেখ করেন যে, শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানরে জন্য জন্ম নিবন্ধন বাধ্যতামূলক। জরুরী ভিত্তিতে সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। জন্ম নিবন্ধন করা হয়েছে/হয়নি এমন শিক্ষার্থীদের পৃথক তালিকা প্রস্তুত করে জেউশিব্যু কার্যালয়ে জমা দিতে হবে।<br><br>২। যে সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন হয়নি তাদের জন্ম নিবন্ধন করার জন্য অভিভাবকদের তাগাদা দিতে হবে। | (১) প্রোগ্রাম হেড<br>(২) জেলা প্রোগ্রাম ম্যানেজার<br>(৩) উপজেলা প্রোগ্রাম ম্যানেজার (সকল) |
| ৮ | **শিক্ষার্থীদের কোভিড ১৯ এর টিকা প্রদানঃ** সভায় শিক্ষার্থীদের করোনাভাইরাসের টিকা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১। যে সকল শিক্ষার্থীদের টিকা প্রদান করা হয়েছে তাদের তথ্য জেউশিব্যু কার্যালয়ে জমা দিতে হবে।<br><br>২। যে সকল শিক্ষার্থীদের টিকা প্রদান করা হয়নি তাদেরকে জরুরী ভিত্তিতে টিকার আওতায় আনার ব্যবস্থা করতে হবে। | (১) প্রোগ্রাম হেড<br>(২) জেলা প্রোগ্রাম ম্যানেজার<br>(৩) উপজেলা প্রোগ্রাম ম্যানেজার (সকল) |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এস.এম. শামীম আহসান
সহকারী পরিচালক

স্মারক নম্বর: ৩৮.০০.৩৮০০.৩৪৩.৯৯.০২০.১৬.১২২

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট

৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট

৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট

৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আক্কেলপুর, জয়পুরহাট

৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালাই, জয়পুরহাট

৭) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট

৮) নির্বাহী পরিচালক, সোশ্যাল ডেভলপমেন্ট সার্ভিস, পাঁচবিবি, জয়পুরহাট

৯) নির্বাহী পরিচালক, এসো গড়ি সোনার বাংলা, কালাই, জয়পুরহাট

১০) নির্বাহী পরিচালক, মহিলা কর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচন সংস্থা, ক্ষেতলাল, জয়পুরহাট

এস.এম. শামীম আহসান
সহকারী পরিচালক